

## লুনার নিউ ইয়ারে জাপান ভ্রমণে নাগরিকদের সতর্ক চীনের

- A Monitor Desk Report

Date: 27 January, 2026



চাকাঃ আসন্ন চন্দ্র নববর্ষের (লুনার নিউ ইয়ার) ছুটিতে জাপান ভ্রমণ না করতে নাগরিকদের সতর্ক করেছে চীন।

জননিরাপত্তার অবনতির কথা উল্লেখ করে সোমবার (২৬ জানুয়ারি) এ সতর্কবার্তা দিয়েছে চীনের পররাষ্ট্র মন্ত্রণালয়।

টোকিও ও বেইজিংয়ের মধ্যে কূটনৈতিক বিরোধ চলছে। গত নভেম্বর মাসে জাপানের প্রধানমন্ত্রী সানায়ে তাকাইচি বলেন, তাইওয়ানে কোনো হামলা হলে টোকিও সামরিকভাবে হস্তক্ষেপ করতে পারে। এতে চীনে তীব্র প্রতিক্রিয়া সৃষ্টি হয়। এর অংশ হিসেবে বেইজিং তার নাগরিকদের জাপান ভ্রমণ এড়িয়ে চলতে আহ্বান জানায়।

ফলে গত মাসে জাপানে চীনা পর্যটকের সংখ্যা আগের বছরের তুলনায় ৪৫ শতাংশ কমে প্রায় ৩ লাখ ৩০ হাজারে পৌঁছায়।

চীনের পররাষ্ট্র মন্ত্রণালয় সোমবার আবারও ভ্রমণ সতর্কতা পুনর্ব্যক্ত করে নাগরিকদের জাপান ভ্রমণ না করার নির্দেশনা দিয়েছে, বিশেষ করে ফেব্রুয়ারিতে লুনার নিউ ইয়ার উপলক্ষে দীর্ঘ ছুটির সময়।

চীনের পররাষ্ট্র মন্ত্রণালয়ের কনস্যুলার অ্যাফেয়ার্স বিভাগ এক বিবৃতিতে বলেছে, সম্প্রতি জাপানে জননিরাপত্তা অবনতি হয়েছে, যেখানে চীনা নাগরিকদের লক্ষ্য করে বেআইনি ও অপরাধমূলক কর্মকাণ্ডের ঘটনা বার বার ঘটছে।

বিবৃতিতে আরো বলা হয়, জাপানে চীনা নাগরিকরা মারাত্মক নিরাপত্তা হমকির মুখে রয়েছে। এতে আরো উল্লেখ করা হয়, দেশটির কিছু এলাকায় একাধিক ভূমিকম্প হয়েছে। এতে আহত হওয়ার ঘটনা ঘটেছে।

একসময় জাপানে বিদেশি পর্যটকের এক-চতুর্থাংশ চীন থেকে আসত। জাপানি পরিসংখ্যান অনুযায়ী, ২০২৫ সালের প্রথম ৯ মাসে প্রায় ৭ দশমিক ৫ মিলিয়ন মানুষ চীন থেকে জাপানে ভ্রমণ করেছে।

ଲୁନାର ନିଉ ଇଯାର ଉପଲକ୍ଷେ ଚିନେ ୯ ଦିନେର ଛୁଟି ଦେଶୀୟ ଓ ଆନ୍ତର୍ଜାତିକ ଭ୍ରମଣ ବ୍ୟାପକ ବାଡ଼ିବେ ବଲେ ଆଶା କରା ହଚ୍ଛେ।

ରାଷ୍ଟ୍ରୀୟ ସଂବାଦ ସଂସ୍ଥାର ପ୍ରତିବେଦନେ ବଲା ହଯେଛେ, ଗତ ବହର ଏହି ସମୟେ ଜାପାନେ ଚିନା ପର୍ଯ୍ୟଟକେର ସଂଖ୍ୟା ଆଗେର ସମୟେର ତୁଳନାଯି ଉପ୍ଲେଖ୍ୟୋଗ୍ୟଭାବେ ବେଠେଛିଲା।

-B